

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
প্রশাসনিক উন্নয়ন শাখা

নং- মপবি/প্রশাউ-৬(১)/৯২ -৩৬০

তারিখ : ০৫/১০/২০০০ ইং
২০/৬/১৪০৭ বাংলা

প্রজ্ঞাপন


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার নিম্নরূপভাবে “প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটি” পুনর্গঠন করেছে :-

(ক)	১।	মন্ত্রিপরিষদ সচিব	চেয়ারম্যান
	২।	প্রধানমন্ত্রীর মুখ্য সচিব	সদস্য
	৩।	সচিব, সংস্থাপন মন্ত্রণালয়	সদস্য
	৪।	সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ	সদস্য
	৫।	সদস্য (কার্যক্রম), পরিকল্পনা কমিশন	সদস্য
	৬।	সচিব, অর্থ বিভাগ	সদস্য
	৭।	সচিব, শিক্ষা মন্ত্রণালয়	সদস্য
	৮।	সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়	সদস্য
	৯।	সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়	সদস্য

(খ) কমিটির কার্য পরিধি :

- (১) সরকারী কার্য পরিচালনায় গড়তি, দক্ষতা এবং সরকারী সিদ্ধান্ত দ্রুত বাস্তবায়নের জন্য প্রশাসনিক ব্যবস্থার উন্নয়ন সংক্রান্ত প্রস্তাব বিবেচনা করা ;
- (২) একাধিক মন্ত্রণালয়/বিভাগ সংশ্লিষ্ট এমন বিষয় বিবেচনা করা ;
- (৩) মন্ত্রণালয়/বিভাগ অথবা দপ্তর/অধিদপ্তর এর সৃজন কিংবা পুনর্গঠন সংক্রান্ত প্রস্তাব বিবেচনা করা ;
- (৪) নূতন কর্পোরেশন/স্বশাসিত সংস্থার সৃজন কিংবা বিদ্যমান কর্পোরেশন/সংস্থার পুনর্গঠন সংক্রান্ত প্রস্তাব বিবেচনা করা ;
- (৫) প্রশাসনিক দক্ষতা, দ্রুততা এবং ব্যয় সংকোচনের মাধ্যমে সরকারী কর্মকান্ড সম্পাদন সম্পর্কীয় যে কোন ধরনের বিষয় বিবেচনা করা ।


২। মন্ত্রিপরিষদ বিভাগ এই কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে ।



৩। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

৪। এতদসংক্রান্ত মন্ত্রিপরিষদ বিভাগ হতে ইতিপূর্বে জারীকৃত প্রজ্ঞাপন নং- মপবি/প্রশাউ-(১)/৯২-৯১(১৫), তারিখ ১৯-৪-১৯৯৯ইং/ ৬-১-১৪০৬ বাংলা বাতিল বলে গণ্য হবে।

স্বাক্ষরিত আদেশক্রমে


(মোঃ দেলওয়ার হোসেন)
যুগ্ম-সচিব (৪)


উপ-নিয়ন্ত্রক,
বাংলাদেশ সরকারী মুদ্রাণালয়, ঢাকা
(গেজেটে প্রকাশের জন্য)

নং- মপবি/প্রশাউ-৬(১)/৯২ -৩৬০(৯)

তারিখ : ০৫/১০/২০০০ ইং
২০/৬/১৪০৭ বাংলা

জনগণিত ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য :-

- ১। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ২। সচিব, সংস্থাপন মন্ত্রণালয় বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সচিব, আর্থনৈতিক সম্পর্ক বিভাগ, শেখ বাংলা নগর, ঢাকা।
- ৪। সদস্য (কার্যক্রম), পরিচালনা কমিশন, শেখ বাংলা নগর, ঢাকা।
- ৫। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭। সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৮। সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৯। মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।


(মোবাসেরা বেগম)
সিনিয়র সহকারী সচিব
ফোন : ৮৬২৩৩১৪।



অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, মে ১৪, ২০০৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মন্ত্রিপরিষদ বিভাগ

কমিটি বিষয়ক শাখা

প্রজ্ঞাপন

তারিখ, ১০ মে ২০০৩/২৭ বৈশাখ ১৪১০

নং মপবি/কঃবিঃশাঃ/সক-৫/২০০৩/১৩১—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার মন্ত্রিপরিষদ বিভাগের গত ০৫ অক্টোবর ২০০০ (২০ আশ্বিন ১৪০৭) তারিখের মপবি/প্রশাউ-৬(১)/৯২-৩৬০ নম্বর প্রজ্ঞাপনমূলে গঠিত প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির কার্যপরিধির তালিকা নং (৫) এর পর নিম্নরূপ তালিকা নং (৬) সংযোজন করিয়াছে :

(৬) সম্পূর্ণরূপে সরকারী মালিকানাধীন কোম্পানীর সৃষ্টি, অবসান, বিস্তারিত বা একীভূত করিবার প্রস্তাব বিবেচনা করা।

২। কমিটির অন্যান্য বিষয় অপরিবর্তিত থাকিবে।

৩। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

ফারুক আহমেদ

সচিব।

শেখ মোঃ যোহারক হোসেন (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।

(৭৫০৭)

মূল্য : টাকা ১.০০

